

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ আযান (়ার্টা)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## আযানের অন্যান্য মাসায়েল (مسائل أخري في الأذان)

- (১) মুওয়াযযিন কিবলামুখী হয়ে দাঁড়িয়ে উচ্চকণ্ঠে আযান দিবে। দুই কানে আংগুল প্রবেশ করাবে, যাতে আযানে জার হয়। 'হাইয়া 'আলাছ ছালা-হ ও ফালা-হ' বলার সময় যথাক্রমে ডাইনে ও বামে মুখ ঘুরাবে, দেহ নয়।[51] অসুস্থ হ'লে বসওে আযান দেওয়া যাবে। [52]
- (২) যে ব্যক্তি আযান হওয়ার পর (কোন যর্ররী প্রয়োজন ছাড়াই) মসজিদ থেকে বের হয়ে গেল, সে ব্যক্তি আবুল কাসেম [মুহাম্মাদ (ছাঃ)]-এর অবাধ্যতা করল। [53]
- (৩) যিনি আযান দিবেন, তিনিই এক্কামত দিবেন। অন্যেও দিতে পারেন। অবশ্য মসজিদে নির্দিষ্ট মুওয়াযযিন থাকলে তার অনুমতি নিয়ে অন্যের আযান ও এক্কামত দেওয়া উচিৎ। তবে সময় চলে যাওয়ার উপক্রম হ'লে যে কেউ আযান দিতে পারেন।[54]
- (৪) আযানের উদ্দেশ্য হবে স্রেফ আল্লাহর সম্ভুষ্টি অর্জন করা। এজন্য কোন মজুরী চাওয়া যাবে না। তবে বিনা চাওয়ায় 'সম্মানী' গ্রহণ করা যাবে। কেননা নিয়মিত ইমাম ও মুওয়াযযিনের সম্মানজনক জীবিকার দায়িত্ব গ্রহণ করা সমাজ ও সরকারের উপরে অপরিহার্য কর্তব্য।[55]
- (৫) আযান ওযূ অবস্থায় দেওয়া উচিৎ। তবে বে-ওযূ অবস্থায় দেওয়াও জায়েয আছে। আযানের জওয়াব বা অনুরূপ যেকোন তাসবীহ, তাহলীল ও দো'আ সমূহ এমনকি নাপাক অবস্থায়ও পাঠ করা জায়েয আছে।[56]
- (৬) একামতের পরে দীর্ঘ বিরতি হ'লেও পুনরায় একামত দিতে হবে না।[57]
- (৭) আযান ও জামা'আত শেষে কেউ মসজিদে এলে কেবল এক্বামত দিয়েই জামা'আত ও ছালাত আদায় করবে।[58]
- (৮) ক্বাযা ছালাত জামা'আত সহকারে আদায়ের জন্য আযান আবশ্যিক নয়। কেবল এক্বামতই যথেষ্ট হবে। [59]

## ফুটনোট

- [52] . বায়হাকী, ইরওয়া ১/২৪২ পৃঃ।
- [53] . মুসলিম, মিশকাত হা/১০৭৫ 'জামা'আত ও উহার ফ্যীলত' অনুচ্ছেদ-২৩।
- [54] . ফিরুহুস সুন্নাহ ১/৯০, ৯২ পৃঃ; মাসআলা-১৩, ২০।



- [55] . আহমাদ, আবুদাঊদ, নাসাঈ, তিরমিয়ী, ইবনু মাজাহ; নায়লুল আওত্বার ২/১৩১-৩২; আবুদাঊদ, হা/২৯৪৩-৪৫ 'সনদ ছহীহ'; মিশকাত হা/৩৭৪৮ 'নেতৃত্ব ও বিচার' অধ্যায়-১৮, 'দায়িত্বশীলদের ভাতা ও উপটোকন' অনুচ্ছেদ-৩।
- [56] . ফিক্ল্স সুন্নাহ ১/৫১-৫২ i
- [57] . ফিরুহুস সুন্নাহ ১/৮৯, ৯২ পৃঃ ; ছালাতুর রাসূল, তাখরীজ : আব্দুর রউফ, ১৯৮ পৃঃ।
- [58] . ফিরুহুস সুন্নাহ ১/৯১ 'আযান' অধ্যায়, মাসআলা-১৮।
- [59] . মুসলিম, মিশকাত হা/৬৮৪, 'দেরীতে আযান' অনুচ্ছেদ-৬; মির'আত ২/৩৮৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9194

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন